

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার তারিখ ও সময়ঃ ১৮/০৮/২০২১ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ১৮/০৮/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন এর সভাপতিত্বে ত হার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	গ্রামীণ ধাত্রীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ :	কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ আলম আলী, চেয়ারম্যান, ০২ নং শরীফপুর ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, আমাদের গ্রামীণ এলাকায় অনেক গরীব গর্ভবতী মা রয়েছে, যাদেরকে প্রসব কার্যক্রমে অনেক সময় স্থানীয় ধাত্রীদের উপর নির্ভর করতে হয়। কিন্তু অধিকাংশ ধাত্রীদের স্বাভাবিক প্রসব কার্যক্রমের উপর কোন প্রশিক্ষণ নেই। যার ফলে গ্রামের গর্ভবতী মায়েরা নিরাপদ প্রসব সেবা থেকে বঞ্চিত থাকে। তাই এসব গ্রামীণ ধাত্রীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা দরকার।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।
০৩	স্থানীয় পর্যায়ের যানবাহন চালকদের প্রশিক্ষণঃ	সম্মানিত সদস্য জনাব আব্দুল্লাহ আল-মামুন, চেয়ারম্যান, ১৫ নং রশিদপুর ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, স্থানীয় পর্যায়ের সড়কগুলোতে বিভিন্ন ধরনের যানবাহন চলাচল করে, কিন্তু অধিকাংশ চালকদেও ট্রাফিক আইন ও সড়ক পরিবহন আইন সম্পর্কে ন্যূনতম ধারণা নেই। ফলে প্রতিনিয়ত বিভিন্ন ধরনের দুর্ঘটনা লেগেই থাকে এতে অনেক মানুষ হতাহত হয় এমনকি দীর্ঘস্থায়ী পক্ষুতে পরিণত হয়। তাই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন।	বিশদ আলোচনান্তে এ বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় বিষয়টি উত্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর) ১৮/০৮/২১

(ফারজানা ইয়াছমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কমিটি

জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং-

তারিখঃ ১৮/০৮/২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব----- সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস নথি।

(স্বাক্ষর)

(ডা. উত্তম কুমার সরকার)

উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কমিটি

জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট "ক"

১৮/০৮/২০২১ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী
০১	ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর	সভাপতি
০২	মোঃ আলম আলী, চেয়ারম্যান, ০২ নং শরীফপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৩	মোঃ নাজমুল হক, চেয়ারম্যান, ১৩ নং মেট্টা ইউনিয়ন পরিষদ	সদস্য
০৪	খন্দকার মোহাম্মদ ফজলুল হক, চেয়ারম্যান, ১৫ নং রশিদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	ডা. উত্তম কুমার সরকার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জামালপুর সদর	সদস্য সচিব